



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল সিভিল সার্ভিস এমপলয়িজ অ্যাসোসিয়েশন (CSEA) এবং পাবলিক এমপলয়িজ ফেডারেশনের (PEF) সাথে চুক্তি ঘোষণা করেছেন যাতে নার্স এবং অন্যান্য গুরুতর স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) হাসপাতালগুলির হাসপিটাল কর্মীদের জন্য 2.5 গুণ অবধি ওভারটাইম প্রদান করা হয়

SUNY ডাউনস্টেট হেলথ অ্যান্ড সায়েন্সেস (SUNY Downstate Health & Sciences), স্টোনি ব্রুক ইউনিভার্সিটি হাসপাতাল (Stony Brook University Hospital), এবং আপস্টেট ইউনিভার্সিটি হাসপাতালে (Upstate University Hospital) পাইলট প্রোগ্রাম, নার্স, LPN, মেডিকেল অ্যাসিস্ট্যান্ট এবং অন্যান্য কর্মীদের জন্য ওভারটাইম বেতন বাড়ানোর জন্য যারা যোগ্য

গভর্নর ক্যাথি হোচুল আজ নার্স এবং অন্যান্য গুরুতর রোগীর মুখোমুখি হওয়া স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং হাসপাতালের কর্মচারীদের স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের হাসপাতালগুলিতে আড়াই গুণ ওভারটাইম দেওয়ার জন্য একটি পাইলট প্রোগ্রাম চালু করার ঘোষণা দিয়েছেন, যেখানে সাধারণত দেড় গুণ ওভারটাইম বেতন প্রদান করা হয়। SUNY-এর তিনটি হাসপাতালের কর্মীরা অংশগ্রহণের যোগ্য: সানি ডাউনস্টেট হেলথ অ্যান্ড সায়েন্সেস, স্টোনি ব্রুক ইউনিভার্সিটি হাসপাতাল এবং আপস্টেট ইউনিভার্সিটি হাসপাতাল। সুবিধাটি 16 সেপ্টেম্বর থেকে কার্যকর বলে ধরা হবে এবং নিবন্ধিত নার্স, লাইসেন্সপ্রাপ্ত ব্যবহারিক নার্স, প্রযুক্তিবিদ, মেডিকেল অ্যাসিস্ট্যান্ট, সহায়ক, কেরানি, ক্লিনার এবং অন্যান্য রোগীর মুখোমুখি হওয়া কর্মীদের জন্য অনুমোদিত হতে পারে এবং 2021 এর শেষের দিক পর্যন্ত কাজ করবে, যে সময়ে এর প্রভাব মূল্যায়ন করা হবে। সম্মিলিতভাবে, SUNY 7,637 মেডিকেল কর্মী নিয়োগ করে যারা পাইলট প্রোগ্রামের জন্য যোগ্য।

"নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা নায়করা অক্লান্ত পরিশ্রম করেছেন এবং এই ভয়ঙ্কর মহামারীতে তাদের জীবনকে বিপন্ন করেছেন এবং তাদের প্রচেষ্টার জন্য তাদের যথাযথভাবে ক্ষতিপূরণ দেওয়া উচিত," **গভর্নর হোচুল বলেন।** "এই গুরুত্বপূর্ণ চুক্তি SUNY হাসপাতালগুলিতে আমাদের অতিরিক্ত পরিশ্রম করা স্বাস্থ্যসেবা পেশাদারদের ওভারটাইম বেতন বৃদ্ধি করবে এবং তাদের জনসেবার জন্য তাদের স্বীকৃতি দিতে সাহায্য করবে। আমরা স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং হাসপাতালের কর্মচারীদের কাছে ভীষণভাবে কৃতজ্ঞতার ঋণে ঋণী যে এই মহামারী চলাকালীন তারা দরজাগুলি খুলে রেখেছেন এবং এটি ক্ষতিপূরণের ক্ষেত্রে সঠিক পথে নিউ ইয়র্ককে একটি ছোট পদক্ষেপ অগ্রসর করবে।"

ওভারটাইমের জন্য তহবিল হাসপাতালের পরিচালন রাজস্ব থেকে প্রদান করা হবে। নিউ ইয়র্ক স্টেট ভবিষ্যতে স্বাস্থ্যসেবা কর্মীদের সহায়তার জন্য আরও পদক্ষেপ নেবে এই চুক্তির পর যাতে আমরা আমাদের স্বাস্থ্যসেবা পেশাজীবীদের গুরুত্বপূর্ণ কাজগুলিকে স্বীকৃতি প্রদান করছি সব ফেসিলিটিগুলিতে।

SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেন, "আমাদের SUNY মেডিকেল এবং হাসপাতালের কর্মীরা শুরু থেকেই সাহসিকতার সাথে কোভিড সঙ্কটের বিরুদ্ধে লড়াই করছেন সম্মুখ সারিতে এবং এখনও তারা তাদের সেবা করা রোগীদের জন্য প্রতিদিন তাদের অক্লান্ত এবং বীরত্বপূর্ণ লড়াই চালিয়ে যাচ্ছেন এবং আমাদের কর্মীবল ধরে রাখতে আমাদের পক্ষে যা কিছু করা সম্ভব তা করতে হবে। আমাদের হাসপাতালের স্বাস্থ্যসেবা নায়করা SUNY-এর সেরার প্রতিনিধিত্ব করে এবং এই ওভারটাইম বৃদ্ধির সাথে সাথে, আমরা আমাদের স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতি আমাদের গভীর অঙ্গীকারবদ্ধতার একটি শক্তিশালী বার্তা পাঠাতে থাকব। আমাদের অক্লান্ত এবং নিবেদিত স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতি টার সমর্থনের জন্য গভর্নর হোচুলকে এবং তার সাথে রাজ্য কর্মচারী সম্পর্কের দল, আমাদের ইউনিয়নের প্রতিনিধিগণ এবং আমাদের হাসপাতালের নেতৃত্বকে এটি সম্ভব করে তোলার জন্য ধন্যবাদ।"

CSEA সভাপতি মেরি ই. সুলিভান বলেন, "এই চুক্তিটি এই মহামারী জুড়ে এই অপরিহার্য কর্মীদের চলমান আত্মনিয়োজনকে স্বীকৃতি দেয় এবং টিকা দেওয়ার প্রয়োজনীয়তার কারণে অবিলম্বে তাদের যে অতিরিক্ত সময় দেওয়ার প্রয়োজন হবে, তার জন্যও। অতিরিক্ত ওভারটাইম ক্ষতিপূরণ সেই সব কর্মীদের জন্য সব চেয়ে বেশি স্বাগত যাঁরা কঠিন সময়ে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করে চলেছেন এবং নিউ ইয়র্কের মানুষের প্রতি তাদের প্রতিশ্রুতি পূরণ করে চলেছেন। আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোচুল এই কঠিন সময়ের স্বীকৃতিস্বরূপ এই পরিবর্তনের সূচনা করেছেন এবং আমাদের রাজ্যকে ট্র্যাকে ফিরিয়ে আনতে নেতৃত্ব দিচ্ছেন। যদিও অনেক কিছু করা বাকি আছে আমরা আত্মবিশ্বাসী যে নির্বাহীর সাথে একসাথে কাজ করলে আরও অনেক কিছু সম্পন্ন করা যাবে। এটি অবশ্যই সঠিক দিকে একটি পদক্ষেপ।"

PEF এর সভাপতি ওয়েইন স্পেন্স বলেন, "PEF নার্স এবং অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদাররা প্রতিদিন কোভিড-19 সহ রোগীদের চিকিৎসার জন্য তাদের জীবনের ঝুঁকি নেন। তাদের ওভারটাইমের হার বাড়ানো একটি ছোট পদক্ষেপ যা আমরা নিতে পারি তাদের ত্যাগের জন্য তাদের পুরস্কৃত করার জন্য। আমি গভর্নর হোচুল এবং SUNY চ্যান্সেলর মালাট্রাসকে ধন্যবাদ জানতে চাই PEF এর সাথে অংশীদারিত্ব করার জন্য এই চুক্তিতে পৌঁছানোর জন্য। আমাদের এই সমস্ত আত্মনিবেদিত জন সেবকদের একটি মহামারীর মধ্যে যথাযথভাবে ক্ষতিপূরণ দিতে এবং ধরে রাখার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে যখন তাদের দক্ষতা অত্যন্ত মূল্যবান।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)